দৈনিক বাংলা

তারিখ 30 APR 1992
পৃষ্ঠা 7 কলাম

253

# দুটি হলে তল্লাশী : ছাত্রলীগের (না-শ) ৪ জন গ্রেপ্তার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : পুলিশ বুধবার ভোরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসীন হল ও শেখ মুজিবুর রহমান হলে তল্লাশী চালিয়ে চারজনকে গ্রেপ্তার করেছে।

তল্লাশী অভিযানকালে পুলিশ মহসীন হল থেকে ১৬ রাউন্ড গুলি, একটি খেলনা পিস্তল ও ৪টি তাজা ককটেল উদ্ধার করে।

সন্ত্রাসী কার্যকলাপের অভিযোগে পুলিশ মহসীন হল থেকে যে চারজনকে গ্রেপ্তার করে তারা হচ্ছে শামীম আহমেদ, আনোয়ার হোসেন, রফিকুল ইসলাম ও লুৎফর রহমান। এদের মধ্যে শামীম ছাড়া

(আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)

## দুটি হলে তল্লাশি

(প্রথম পৃঃ পর)

বাকী তিনজনই বহিরাগত। পুলিশ জানায়, গ্রেপ্তারকৃত চারজনই ছাত্রলীগ (না-শ) কর্মী। গত কয়েক দিন ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের (না-শ) দুই গ্রুপের মধ্যে যে বন্দুক যুদ্ধ চলছে এরা তার সঙ্গে জড়িত বলে পুলিশ সন্দেহ করছে।

### মুক্তি দাবী

ছাত্রলীগ (না-শ) সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সদস্য শামীমকে গ্রেপ্তারের তীব্র নিন্দা করেছে এবং অবিলম্বে তার নিঃশর্ত মুক্তির দাবী জানিয়েছে।

বুধবার সংগঠনের এক বিবৃতিতে অভিযোগ করা হয় যে পুলিশ বিশ্ববিদ্যালয়ের হলসমূহে অবস্থানরত বহিরাগত, অছাত্র, বিভিন্ন হত্যা মামলার আসামীসহ চিহ্নিত সন্ত্রাসকারীদের গ্রেপ্তার না করে নিরীহ কর্মীদের হয়রানি করছে।